দৈনিক ইত্তেফাক 16

তারিখ 0 6 JUN 1990
পৃষ্ঠা ১ কলাম ৪

# শিশুদের মনে পরিবেশ সচেতনতা সৃষ্টি করিতে হইবে

কাজী জাফর
(ইত্তেফাক রিপোর্ট)

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, পরিবেশ সম্পর্কে সবার আগে শিশুদের মনে সচেতনতা জাগাইয়া তুলিতে হইবে। কারণ শিশুরাই গড়িয়া তুলিবে আগামী দিনের দূষণমুক্ত পৃথিবী। তিনি

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

কাজী জাফর

(১ম পৃঃ পর)

বলেন, শিশুরাই একটি দূষিত পরিবেশের প্রথম শিকার।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে গতকাল (মঙ্গলবার) জাতিসংঘ তথ্য কেন্দ্রে পরিবেশ অধিদপ্তর, পরিবেশ সাংবাদিক ফোরাম ও জাতিসংঘ তথ্য কেন্দ্রের যৌথ উদ্যোগে আয়োজিত এক সিম্পোজিয়ামে তিনি এ কথা বলেন।

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব এম আজিজুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তৃতা করেন তথ্যমন্ত্রী ডঃ মিজানুর রহমান শেলী, পরিবেশ ও বনমন্ত্রী লেঃ কর্ণেল (অবঃ) জাফর ইমাম, প্রধান তথ্য অফিসার আবদুস সোবহান, পরিবেশ সাংবাদিক ফোরামের সভানেত্রী তাহমিনা সাঈদ, কুমিল্লা প্রশিকার প্রধান ডঃ ফারুক আজিজ ও ইউ এন ডিপির আবাসিক প্রতিনিধি চার্লস এইচ লারলিমন্ট। প্রধানমন্ত্রী বলেন, এবারের বিশ্ব পরিবেশ দিবসের মূল প্রতিপাদ্য বিষয় হইল শিশু ও পরিবেশ। তিনি বলেন, প্রেসিডেন্ট এরশাদের আহ্বানে সাড়া দিয়া সুন্দর ও স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করিয়া আমরা আমাদের অঙ্গীকারকে নবায়ন করিতে চাই। আমরা সবাই যেন হইতে পারি সুন্দর পরিবেশের সহায়ক, কেউ যেন আমরা পরিবেশের প্রতি হুমকি হইয়া না দাঁড়াই।

ডঃ মিজানুর রহমান শেলী বলেন, পরিবেশ বিপর্যয় এখন কোন দেশের বা অঞ্চলের সমস্যা নয়। ইহা এখন বিশ্বের সমস্যা। জাফর ইমাম বলেন, অল্প কিছু দিনের মধ্যেই দেশে প্রথম পরিবেশ নীতি ঘোষণা করা হইবে। ইহাছাড়াও সকালে শিশু পার্ক হইতে একটি পদযাত্রা বাহির করা হয়। পদযাত্রায় পরিবেশ সাংবাদিক ফোরাম, পরিবেশ অধিদপ্তর, কুমিল্লা প্রশিকা, গার্লস গাইড, বয়েজ স্কাউটস, পরিবেশ ও বনমন্ত্রী এবং চীনা সাংবাদিকরা অংশগ্রহণ করেন।